



পল্লী বিকাশ কেন্দ্রে নিয়োগ বিজ্ঞপ্তি

এমআরএ সনদ নং : ০০৫২৯-০৩৯৯৬-০০১৯০

পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত পল্লী বিকাশ কেন্দ্রে গ্রাম পর্যায়ে কাজ করতে আগ্রহী পুরুষ/মহিলা প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত পদের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে :

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন ও সুবিধা
১	ফিল্ড অফিসার (অভিজ্ঞ)	২০	অনুর্ধ্ব ৩২ বছর	প্রার্থীকে অবশ্যই কমপক্ষে ২টি পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/ জি.পি.এ-৩.০০সহ যে কোন বিষয়ে স্নাতক (বাণিজ্য বিভাগ অগ্রাধিকারযোগ্য) পাশ হতে হবে। এনজিওতে ক্ষুদ্রঋণ ও এসএমই কার্যক্রমে কমপক্ষে ১ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	৬ মাস প্রবেশনকালে বেতন সর্বসাকুল্যে ১৬,০০০ টাকা। স্থায়ীকরণের পর বেতন হবে ১৮,০০০/- টাকা।
২	ফিল্ড অফিসার (অনভিজ্ঞ)	৩০	অনুর্ধ্ব ৩০ বছর	প্রার্থীকে অবশ্যই কমপক্ষে ২টি পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/ জি.পি.এ-৩.০০সহ স্নাতক (বাণিজ্য বিভাগ অগ্রাধিকারযোগ্য) পাশ হতে হবে।	৬ মাস প্রবেশনকালে বেতন সর্বসাকুল্যে ১৪,০০০ টাকা। স্থায়ীকরণের পর বেতন হবে ১৬,০০০/- টাকা।

শর্তাবলী : প্রার্থীদের কর্ম এলাকা হবে ঢাকা, কিশোরগঞ্জ, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ জেলার গ্রাম পর্যায়ে। সকল পদের প্রার্থীকে কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে। ১ ও ২ নং পদের প্রার্থীদের বাইসাইকেল/ মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। ফিল্ড অফিসার (অনভিজ্ঞ-২নং পদ) পদের প্রার্থীদের বেলায় প্রাথমিক নির্বাচনের পর পল্লী বিকাশ কেন্দ্রের শাখা অফিসে কমপক্ষে ১মাস হাতে কলমে প্রশিক্ষণ নিতে হবে। সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তির পর প্রার্থীদের শাখা অফিসে ফিল্ড অফিসার হিসেবে নিয়োগ প্রদান করা হবে। ফিল্ড অফিসার (অনভিজ্ঞ-২ নং পদ) পদের প্রার্থীদের সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণকালীন সময়ের জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এককালীন ভাতা প্রদান করা হবে। এছাড়া সকল পদের প্রার্থীদের ৬মাস সফলভাবে প্রবেশনকাল অতিক্রম করার পর সংস্থার পলিসি অনুযায়ী স্থায়ী বেতন কাঠামোতে অন্তর্ভুক্ত করা হবে এবং বছরে ৩টি উৎসব ভাতা, মোটরসাইকেল ভাতা, মোবাইল বিল, প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটিসহ অন্যান্য সুবিধার আওতাভুক্ত হবে। মাঠ পর্যায়ে একক আবাসন ফ্রি।

আগ্রহী প্রার্থীদেরকে আবেদনপত্র, জীবন বৃত্তান্ত (মোবাইল নম্বরসহ), সকল সার্টিফিকেট ও জন্ম নিবন্ধনের ফটোকপি, সর্বশেষ কর্মস্থলের বৈধ প্রত্যয়নপত্র (অভিজ্ঞ ফিল্ড অফিসারদের বেলায়) এবং ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ আগামী ২১.১১.২০২১ইং তারিখ এর মধ্যে দরখাস্ত নিম্নলিখিত ঠিকানায় পাঠানোর জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

বিঃদ্র : সকল পদের জন্য জামানত (ফেরতযোগ্য) ১০,০০০/- (দশ হাজার) টাকা। আরো উল্লেখ্য যে, সকল পদের প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগের পূর্বে কোন রকম আর্থিক লেনদেন সরেজমিনে অফিসে উপস্থিত হওয়া ছাড়া অন্য কোন উপায়ে অন্য কারো সাথে না করার জন্য অনুরোধ করা হলো।

আবেদন ও যোগাযোগের ঠিকানা : প্রধান নির্বাহী কর্মকর্তা, পল্লী বিকাশ কেন্দ্র, ওয়াসী টাওয়ার, ৫৭২/কে (১১তলা), মিরপুর ডিওএইচএস রোড (ইসিবি চত্বরের কাছে), মাটিকাটা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬।